“যে ব্যক্তি আমাদের ন্যায় সালাত আদায় করে, আমাদের ক্বিবলা মুখী হয় আর আমাদের যবেহ করা প্রাণী খায়, সে-ই মুসলিম, যার জন্য আল্লাহ ও তাঁর রাসূল যিম্মাদার। সুতরাং তোমরা আল্লাহর যিম্মাদারীতে বিশ্বাসঘাতকতা করো না।

আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “যে ব্যক্তি আমাদের ন্যায় সালাত আদায় করে, আমাদের ক্বিবলা মুখী হয় আর আমাদের যবেহ করা প্রাণী খায়, সে-ই মুসলিম, যার জন্য আল্লাহ
ও তাঁর রাসূল যিম্মাদার। সুতরাং তোমরা আল্লাহর যিম্মাদারীতে বিশ্বাসঘাতকতা করো
না।
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জানিয়েছেন, যে ব্যক্তি দ্বীনের প্রকাশ্য নিদর্শনগুলো মেনে চলে—যেমন আমাদের মতো সালাত আদায় করে, আমাদের কিবলার দিকে মুখ করে এবং আমাদের জবাই করা পশু হালাল মনে করে খায়—সে-ই হল মুসলিম। তার জন্য আল্লাহ ও তাঁর রাসূলের নিরাপত্তা ও অঙ্গীকার রয়েছে। সুতরাং তার ব্যাপারে আল্লাহর নিরাপত্তা ও অঙ্গীকার ভঙ্গ করো না।

https://www.sunnah.global/hadeeth/bn/show/65426